শিক্ষার্থী নির্দেশিকা

Learners' Guide

উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট প্রোগ্রাম

Higher Secondary Certificate (HSC) Programme

ওপেন স্কুল

Open School

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

শিক্ষার্থী নির্দেশিকা

Learners' Guide

উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট প্রোগ্রাম

এইচএসসি প্রোগ্রাম

(HSC Programme)

প্রকাশ: এপ্রিল, ২০১৭

প্রচ্ছদ

কাজী সাইফুদ্দীন আব্বাস

কম্পিউটার কম্পোজ

মোঃ শরিফুল ইসলাম

© **বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়**

প্রকাশনায়

প্রকাশনা, মুদ্রণ ও বিতরণ বিভাগ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বোর্ডবাজার, গাজীপুর-১৭০৫

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়	৪
উন্মুক্ত শিক্ষা	৪
উন্মুক্ত শিক্ষা পদ্ধতির বৈশিষ্ট্য	৫
ওপেন স্কুল	৫
ওপেন স্কুল পরিচালিত এইচএসসি প্রোগ্রাম	৫
প্রোগ্রামের বৈশিষ্ট্য	৬
ভর্তির নিয়মাবলী	৬
কোর্স এবং অন্যান্য ফি	৮
শিক্ষার্থীদের প্রাপ্য সুযোগ-সুবিধা	৮
কোর্সসমূহ	৯
পাঠসামগ্রী ও সহায়ক ব্যবস্থা	১২
টিউটোরিয়াল সার্ভিস	১২
কেন্দ্রীয় পরামর্শ ও নির্দেশনা	১৩
পরীক্ষা ও ফলাফলের নিয়মাবলী	১৪
পরীক্ষায় পুনরায় অংশগ্রহণ	১৬
সার্টিফিকেট প্রদান	১৭
লাইব্রেরি সেবা	১৭
আঞ্চলিক কেন্দ্র ও উপ-আঞ্চলিক কেন্দ্রের তালিকা	১৮

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বাংলাদেশের জাতীয় সংসদ কর্তৃক প্রণীত আইন অনুযায়ী ১৯৯২ সালের ২১ অক্টোবর বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর জন্ম। বহুমুখি শিক্ষা প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে জ্ঞান-বিজ্ঞানের সৃজন, চর্চা ও বিকাশই এই বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য। জীবনভর শিক্ষার দ্বার উন্মুক্ত করা এবং শিক্ষাকে অধিকতর গণমুখি ও জীবন-ঘনিষ্ঠ করে দেশের প্রত্যন্ত অঞ্চলে পৌঁছে দেওয়া উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মূল উদ্দেশ্য। একটি সুশিক্ষিত ও আত্মনির্ভরশীল জাতি গড়ে তুলতে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) বিশেষভাবে প্রতিশ্রুতিবদ্ধ।

ঢাকা শহরের উত্তরে গাজীপুর জেলার বোর্ডবাজার এলাকায় বাউবি'র মূল ক্যাম্পাস অবস্থিত। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য সারাদেশে রয়েছে ১২টি আঞ্চলিক কেন্দ্র, ৮০টি উপ-আঞ্চলিক কেন্দ্র এবং ১৫০২ টি স্টাডি সেন্টারের বিশাল নেটওয়ার্ক। এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনার জন্য রয়েছে ছয়টি একাডেমিক অনুষদ (যা 'স্কুল' নামে পরিচিত) এবং এগারটি প্রশাসনিক বিভাগ। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আইন-১৯৯২ অনুসারে বিশ্ববিদ্যালয়ের সকল কর্মকাণ্ড বোর্ড অব গভর্নরস্, একাডেমিক কাউন্সিল, স্কুল কমিটি, পাঠ্যক্রম কমিটি, অর্থ কমিটি, ওয়ার্কস কমিটি প্রভৃতি কর্তৃপক্ষের সিদ্ধান্ত ও নীতিমালা অনুযায়ী পরিচালিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের **মহামান্য রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ** এই বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর। ভাইস-চ্যান্সেলর হিসেবে ২০১৩ সনের মার্চ থেকে বাউবি'র প্রশাসনিক এবং একাডেমিক কার্যক্রমে নেতৃত্ব দিচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বরেণ্য শিক্ষাবিদ ও ব্যবস্থাপনার **প্রফেসর ড. এম এ মাননান**।

উন্মুক্ত শিক্ষা (Open Learning)

বিভিন্ন মাধ্যম ব্যবহার করে শিক্ষাকে শিক্ষার্থীর নিকট পৌঁছে দেওয়া হয় এ শিক্ষাদান ব্যবস্থায়। এ ধরনের শিক্ষাদান পদ্ধতিকে দূরশিক্ষণ বলা হয়। উন্মুক্ত শিক্ষা পদ্ধতিতে শিক্ষার্থীর সহজে বোঝার উপযোগী মুদ্রণ উপকরণ সরবরাহ করা হয়, যা একই সাথে পাঠ্য-পুস্তক ও শিক্ষকের কাজ করে। এর সাথে সহায়ক হিসেবে সম্প্রচার করা হয় বেতার ও টিভি অনুষ্ঠান এবং বাউবি'র নিজস্ব ওয়েবটিভি ও ওয়েব রেডিওতে। ভিডিও/অডিও লেকচার Bou Tube.com ও You Tube.com এ নিয়মিত আপলোড করা হয়। বিভিন্ন একাডেমিক তথ্য Education Apps এর মাধ্যমে পরিবেশিত হচ্ছে। এপ্সগুলো বাউবি'র ওয়েবসাইট (www.bou.edu.bd) থেকে মোবাইলে ডাউনলোড করা যায়। এ ছাড়াও রয়েছে স্টাডি সেন্টারের মাধ্যমে টিউটোরিয়াল সার্ভিস ও অন্যান্য সহায়ক সার্ভিসের ব্যবস্থা। ভর্তির পর একজন শিক্ষার্থী মোট ২০টি টিউটোরিয়াল ক্লাসের সুযোগ নিতে পারেন। টিউটোরিয়াল ক্লাসে শিক্ষার্থীদের পাঠ ও শিখন সম্পর্কে কোনো সমস্যা বা প্রশ্ন থাকলে তার সমাধান দেওয়া হয়।

উন্মুক্ত শিক্ষা পদ্ধতি নতুন না হলেও এ পদ্ধতিতে আনুষ্ঠানিক শিক্ষালাভের সুযোগ এদেশে নতুন। এ পদ্ধতিতে শিক্ষালাভ করে সার্টিফিকেট বা ডিগ্রি অর্জন করে নিজেকে সাবলম্বী করা যায়। পাশাপাশি উচ্চ শিক্ষা গ্রহণের দ্বার খুলে যায়।

উন্মুক্ত শিক্ষা পদ্ধতির বৈশিষ্ট্য

- যে কোনো বয়সের শিক্ষার্থীর জন্য শিক্ষার সুযোগ উন্মুক্ত করা;
- প্রচলিত প্রাতিষ্ঠানিক শিক্ষার নিয়ম-কানুনের বাইরে থেকেও স্বাধীনভাবে জ্ঞান অর্জনের সুযোগ;
- শিক্ষার্থীর সুবিধামত সময়ে ও স্থানে পড়ার সুযোগ;
- শিক্ষার্থীর পছন্দমত বিষয় নির্বাচনে স্বাধীনতা;
- স্বশিখন পদ্ধতির পাঠসামগ্রী শিক্ষার্থীর কাছে পৌঁছে দেওয়ার ব্যবস্থা;
- শিক্ষার্থীর অর্জিত জ্ঞানের স্ব-মূল্যায়নের সহায়তা;
- আধুনিক প্রযুক্তি ব্যবহার করে শিক্ষাকে সহজলভ্য করা;
- পেশাগত দায়িত্বের পাশাপাশি অবসর সময়ে শিক্ষালাভের সুযোগ।

ওপেন স্কুল

শিক্ষক ও শিক্ষার্থী, টিউটর ও স্টাডি সেন্টারের সংখ্যা ইত্যাদি বিবেচনায় ওপেন স্কুল বাউবি'র অন্যতম বৃহৎ স্কুল বা ফ্যাকাল্টি। ওপেন স্কুলের মাধ্যমেই বাউবি বাংলাদেশের শহর থেকে গ্রাম-গ্রামান্তরে শিক্ষার প্রসার ঘটাচ্ছে। ওপেন স্কুলের বিভিন্ন প্রোগ্রামের মধ্য দিয়েই যে কোনো স্তরের যে কোনো বয়সের শিক্ষার্থী শিক্ষা লাভের সুযোগ পান। বর্তমানে এই স্কুলটি এসএসসি, এইচএসসি, এইচএসসি (নিশ-১: সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমান বাহিনীর জন্য) এবং ব্যাচেলর অব বিজনেস স্টাডিজ (বিবিএস) প্রোগ্রামগুলো পরিচালনা করছে। অচিরেই এমবিএস প্রোগ্রাম শুরু হবে।

ওপেন স্কুল পরিচালিত এইচএসসি প্রোগ্রাম (মানবিক, বিজ্ঞান ও বাণিজ্য)

ক) লক্ষ্য ও উদ্দেশ্য

- শিক্ষার্থীর মননশীলতা, সৌন্দর্যবোধ এবং মানবিক সহমর্মিতার বিকাশ এবং বিজ্ঞান, প্রযুক্তি ও আর্থ-সামাজিক দক্ষতার উন্নয়ন সাধনে সহায়তা দান করে সমাজে সুনাগরিক হিসেবে গড়ে তোলা।
- শিক্ষার্থীকে আত্মকর্মসংস্থান এবং উপার্জনে সক্ষম ব্যক্তিরূপে গড়ে উঠতে সহায়তা করা।
- উচ্চ শিক্ষার পথ সুগম ও প্রশস্ত করা।

খ) উদ্দিষ্ট জনগোষ্ঠী

এইচএসসি প্রোগ্রামের উদ্দিষ্ট জনগোষ্ঠী নিম্নরূপ:

- এসএসসি সার্টিফিকেট প্রাপ্ত শিক্ষার্থী;

- উচ্চ মাধ্যমিক স্তরে প্রচলিত শিক্ষা প্রতিষ্ঠানে পাঠলাভে যারা সুযোগ বঞ্চিত;
- মাধ্যমিক স্তরের পর লেখাপড়া করেননি এমন শিক্ষার্থী;
- কর্মরত ব্যক্তি যারা শিক্ষাগত যোগ্যতার উন্নয়ন ঘটাতে চান;
- নিয়মিত শিক্ষার্থী যারা বিশেষ কোনো কারণে প্রচলিত (কনভেনশনাল) শিক্ষা গ্রহণে অপারগ;
- অন্যান্য আগ্রহী ব্যক্তি যিনি ইতোপূর্বে এইচএসসি সার্টিফিকেট অর্জন করেননি।

এইচএসসি প্রোগ্রামের বৈশিষ্ট্য

- প্রোগ্রামটি সফলভাবে সম্পন্ন করার জন্য শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ ০৫ (পাঁচ) বছর বলবৎ থাকবে।
- একজন শিক্ষার্থী প্রথম বর্ষে আবশ্যিক বিষয় হিসেবে তিনটি, নৈর্বাচনিক বিষয় থেকে তিনটি ও ঐচ্ছিক বিষয় (যদি কেউ নেন) থেকে একটি, মোট সাতটি বিষয়ে পাঠ গ্রহণ করে বছরের শেষে পরীক্ষা দিতে পারবেন। দ্বিতীয় বর্ষে তথ্য যোগাযোগ প্রযুক্তি ব্যতীত বাকি বিষয়ের দ্বিতীয় পত্র অধ্যয়ন করতে হবে।
- ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত জিপি ২.০০ এর অতিরিক্ত অংশ চূড়ান্ত ফলাফলে যোগ করা হবে। ঐচ্ছিক বিষয় কেউ না নিলে বা পরীক্ষা না দিলে বা অকৃতকার্য হলে ফলাফলে কোনো প্রভাব পড়বে না।
- শিক্ষার্থীর জন্য প্রতি বর্ষে মোট ২০ (বিশ) টি টিউটোরিয়াল ক্লাসের ব্যবস্থা থাকবে।
- শিক্ষার্থীকে বাউবি র্নিধারিত পরীক্ষা কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার পূর্বে শিক্ষার্থীরা নিজ নিজ স্টাডি সেন্টার থেকে তাদের পরীক্ষা কেন্দ্রের নাম-ঠিকানা ও প্রয়োজনীয় নির্দেশনা জেনে নিবেন।

এইচএসসি প্রোগ্রামে ভর্তির নিয়মাবলী

১। ভর্তির যোগ্যতা

এসএসসি বা সমমানের পরীক্ষায় পাশ করেছেন এমন শিক্ষার্থী ভর্তির জন্য আবেদন করতে পারবেন। এ ক্ষেত্রে বয়স বা শিক্ষা-বিরতি সংক্রান্ত কোনো বিধি-নিষেধ থাকবে না।

২। প্রোগ্রামের মেয়াদ

এইচএসসি (মানবিক, ব্যবসায় শিক্ষা, বিজ্ঞান) প্রোগ্রামের মেয়াদ স্বাভাবিকভাবে দুই বছর। তবে একজন শিক্ষার্থী নিবন্ধনের পর সর্বোচ্চ পাঁচ বছরের মধ্যে এই প্রোগ্রাম সমাপ্ত করার সুযোগ পাবেন।

৩। আবেদনপত্র সংগ্রহ

ক. শিক্ষার্থী যে স্টাডি সেন্টারে ভর্তি হতে আগ্রহী প্রথমে সেখানে যোগাযোগ করবেন। আসন খালি থাকা সাপেক্ষে সেখান থেকেই ভর্তি ফরম সংগ্রহ করতে পারবেন। ভর্তি ফরমের জন্য বাউবি কর্তৃক নির্ধারিত সোনালী ব্যাংকে ১০০ (একশত) টাকা জমা দিতে হবে। টাকা জমাদানের রশিদ ব্যাংকের নির্দিষ্ট শাখা, স্টাডি সেন্টার, উপ-আঞ্চলিক কেন্দ্র কিংবা আঞ্চলিক কেন্দ্রে পাওয়া যাবে।

এছাড়াও ভর্তিচ্ছু শিক্ষার্থীগণ বাউবি'র ওয়েবসাইট http://www.bou.edu.bd থেকে ভর্তি ফরম ডাউনলোড করে কিংবা

ফটোকপি ব্যবহার করেও আবেদন করতে পারবেন। এক্ষেত্রে আবেদন ফরম জমা দেওয়ার সময় ১০০ (একশত) টাকার ব্যাংক রশিদ সংযুক্ত করতে হবে।

খ. ভর্তির আবেদনপত্র প্রদান, গ্রহণ, ভর্তির তারিখ এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী নির্ধারিত জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে প্রচার করা হবে। এছাড়াও বাউবি'র ওয়েবসাইট, আঞ্চলিক কিংবা উপ-আঞ্চলিক কেন্দ্র এবং স্টাডি সেন্টার হতেও বিস্তারিত তথ্য জানা যাবে।

৪। প্রয়োজনীয় কাগজপত্র

ক. তিন কপি পাসপোর্ট আকারের ছবি। এর মধ্যে এক কপি আবেদনপত্রের উপরে ডান পাশে আঠা দিয়ে লাগাতে হবে। ফরমের কিছু অংশসহ ছবির উপরে স্টাডি সেন্টার সমন্বয়কারী কর্তৃক সত্যায়িত হতে হবে। বাকি ছবির পিছনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/গেজেটেড কর্মকর্তা/কলেজের অধ্যক্ষ, সমন্বয়কারী বা শিক্ষক/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

খ. এসএসসি বা সমমান পাশের মূল সনদপত্রের সত্যায়িত কপি। মূল সনদপত্র না থাকলে সাময়িক সনদপত্র অথবা নম্বরপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।

গ. চারিত্রিক সনদপত্র (বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/গেজেটেড কর্মকর্তা/ কলেজের অধ্যক্ষ বা সমন্বয়কারী/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত)।

ঘ. জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি।

৫। ভর্তি ও রেজিস্ট্রেশন

ক) শিক্ষার্থী স্টাডি সেন্টার হতে বিনামূল্যে কিংবা বাউবি'র ওয়েবসাইট থেকে শিক্ষার্থী নির্দেশিকা সংগ্রহ করবেন।

খ) মনোনীত হওয়ার পর শিক্ষার্থীকে নির্দেশিকায় উল্লিখিত নির্ধারিত ফিস্ সোনালী ব্যাংকের নির্দিষ্ট শাখায় জমা দিতে হবে। ভর্তির টাকা জমাদানের রশিদের এককপি সংশ্লিষ্ট স্টাডি সেন্টারে জমা দিয়ে শিক্ষার্থীকে নিম্নলিখিত কাজগুলো সম্পন্ন করতে হবে:

i. রেজিস্ট্রেশন ফরম সংগ্রহ করে তা যথাযথ পূরণ শেষে সংশ্লিষ্ট স্টাডি সেন্টারে জমা দিতে হবে। রেজিস্ট্রেশন ফরমে সতর্কতার সাথে বিষয় নির্বাচন করতে হবে।

ii. শিক্ষার্থী নম্বরসহ আইডি কার্ড সংগ্রহ করতে হবে।

iii. ভর্তি সম্পন্ন করে বিনামূল্যে বই সংগ্রহ করতে হবে কিংবা ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে হবে।

কোর্স এবং অন্যান্য ফি

বিষয়	প্রতি কোর্স	প্রথম বর্ষ	দ্বিতীয় বর্ষ	মোট
কোর্স ফি	৫৬০ টাকা	৫৬০×৬= ৩,৩৬০/-	৫৬০×৫= ২,৮০০/-	৬,১৬০/-
আবেদনপত্র	--	১০০/	--	১০০/-
রেজিস্ট্রেশন ফি	--	১৫০/	১৫০/-	৩০০/-
একাডেমিক ক্যালেন্ডার	--	৫০/-	--	৫০/-
প্রশংসাপত্র	--	--	৫০/	৫০/-
নম্বরপত্র / ট্রান্সক্রিপ্ট	--	--	২০০/-	২০০/-
মূল সনদপত্র	--	--	৪০০/-	৪০০/-
ডিজিটাল/প্লাস্টিক আইডি কার্ড ফি	--	২০০/-	--	২০০/-
৬ টি বিষয়, ১১ টি কোর্সে মোট		৩,৮৬০/-	৩,৬০০/-	৭,৪৬০/-

নোট: ঐচ্ছিক বা অতিরিক্ত বিষয় নিলে সেজন্য শিক্ষার্থীকে ৫৬০×২= ১১২০ (১ম ও ২য় বর্ষ) টাকা এবং কোনো কোর্সে (বিজ্ঞান, মানবিক কিংবা ব্যবসায় শিক্ষা যে কোনো গ্রুপের জন্য) ব্যবহারিক থাকলে সেজন্য প্রতি কোর্সের ব্যবহারিক পরীক্ষার জন্য ১২৫/- টাকা অতিরিক্ত জমা দিতে হবে। এছাড়া কোনো বিষয়ে পরীক্ষা না দিলে কিংবা অকৃতকার্য হলে পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রতিকোর্সে ১৫০/- টাকা পুনঃপরীক্ষা ফি জমা দিতে হবে। প্রযোজ্যক্ষেত্রে সাময়িক সনদপত্র ফি ২০০/- টাকা।

শিক্ষার্থীদের প্রাপ্য সুযোগ-সুবিধা

উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে শিক্ষার্থীরা যেসব সুবিধা পাবেন:

- পাঠ-সামগ্রী (মডিউল বা পাঠ্যবই)
- টিউটোরিয়াল সার্ভিস (প্রতি বর্ষে প্রতি কোর্সে ২০টি ক্লাস; ব্যবহারিক থাকলে অতিরিক্ত আরো ১০টি)
- বছর শেষে অনুষ্ঠিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ
- প্রশংসাপত্র
- সাময়িক/মূল সনদপত্র
- নম্বরপত্র বা ট্রান্সক্রিপ্ট
- একাডেমিক ক্যালেন্ডার (বাউবি ওয়েবসাইটে আপলোডকৃত)
- শিক্ষার্থী নির্দেশিকা (বাউবি ওয়েবসাইটে আপলোডকৃত)

বাউবি'র স্টাডি সেন্টার থেকে শিক্ষার্থীদের পাঠসামগ্রী সরবরাহ করা হবে। শিক্ষার্থী কার্ড এবং ভর্তির সময় জমাদানকৃত টাকার ব্যাংক রসিদ দেখিয়ে পাঠসামগ্রী গ্রহণ করতে হবে। *পাঠসামগ্রী গ্রহণের সময় কোনো টাকা প্রদান করতে হবে না।*

সতর্কতা!!

শিক্ষার্থীদেরকে এ মর্মে সর্তক করা যাচ্ছে যে, শিক্ষার্থী নির্দেশিকায় উল্লিখিত অর্থের অতিরিক্ত কোনো অর্থ (যেমন পরীক্ষার পূর্বে কোনো ধরনের ফি) বিশ্ববিদ্যালয় গ্রহণ করে না। নির্দিষ্ট ব্যাংক ব্যতীত কারো নিকট নগদ অর্থ আদান-প্রদানের নিয়ম নেই। শিক্ষার্থী যে কেন্দ্রে ভর্তি হবেন সেই কেন্দ্রের সমন্বয়কারীর নিকট থেকে নির্ধারিত ব্যাংকের নাম জেনে নিতে হবে। নির্ধারিত ব্যাংকের নির্ধারিত শাখা ব্যতীত অন্য কোথাও কোনো প্রকার আর্থিক লেনদেন করা যাবে না। নিয়ম-বহির্ভূত অর্থ দাবি করলে তা কর্তৃপক্ষকে (ডিন, ওপেন স্কুল, ফোন ০২-৯২৯১১০৯) জানানোর অনুরোধ করা হলো।

কোর্সসমূহ

এইচএসসি (মানবিক/ব্যবসায় শিক্ষা/বিজ্ঞান) প্রোগ্রামে ভর্তি হলে একজন শিক্ষার্থীকে প্রথম বর্ষে ছয়টি কোর্স এবং দ্বিতীয় বর্ষে পাঁচটি কোর্স নিতে হবে। প্রথম বর্ষে তিনটি ও দ্বিতীয় বর্ষে দু'টি আবশ্যিক এবং নৈর্বাচনিক বিষয়সমূহের মধ্য থেকে যে কোনো তিনটি বিষয়ের ছয়টি কোর্সসহ মোট ১১টি কোর্স নিবেন। তবে কোনো শিক্ষার্থী আগ্রহী হলে বিষয়গুচ্ছ থেকে একটিকে ঐচ্ছিক (অতিরিক্ত বা চতুর্থ) বিষয় হিসেবে নিতে পারবেন। এইচএসসি (মানবিক/ব্যবসায় শিক্ষা/বিজ্ঞান) প্রোগ্রামের কোর্সের নাম ও কোর্স কোডের তালিকা নিম্নরূপ:

ক) মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা শাখা (প্রথম বর্ষ/প্রথম পত্র)

বিষয়ের নাম (বাংলায়)	কোর্স কোড	পূর্ণ নম্বর
বাংলা প্রথম পত্র	1851	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
ইংরেজি প্রথম পত্র	1852	১০০ (তত্ত্বীয়-১০০)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	1853	১০০ (তত্ত্বীয়-৪০ বহুনির্বাচনী-৩৫, ব্যবহারিক-২৫)
উচ্চতর বাংলা প্রথম পত্র	1854	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
ইতিহাস প্রথম পত্র	1855	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
ইসলামের ইতিহাস ও সংস্কৃতি প্রথম পত্র	1856	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
পৌরনীতি ও সুশাসন প্রথম পত্র	1857	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
অর্থনীতি প্রথম পত্র	1858	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
সমাজবিজ্ঞান প্রথম পত্র	1859	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
যুক্তিবিদ্যা প্রথম পত্র	1860	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
ইসলাম শিক্ষা প্রথম পত্র	1861	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
সমাজকর্ম প্রথম পত্র	1862	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
পদার্থবিদ্যা প্রথম পত্র	1871	১০০ (তত্ত্বীয়-৪০, বহুনির্বাচনী-৩৫, ব্যবহারিক-২৫)
রসায়ন প্রথম পত্র	1872	১০০ (তত্ত্বীয়-৪০, বহুনির্বাচনী-৩৫, ব্যবহারিক-২৫)
জীববিজ্ঞান প্রথম পত্র	1873	১০০ (তত্ত্বীয়-৪০, বহুনির্বাচনী-৩৫,

		ব্যবহারিক-২৫)
উচ্চতর গণিত প্রথম পত্র	1874	১০০ (তত্ত্বীয়-৭৫, ব্যবহারিক-২৫)
ভূগোল প্রথম পত্র	1875	১০০ (তত্ত্বীয়-৪০, বহুনির্বাচনী-৩৫, ব্যবহারিক-২৫)
পরিসংখ্যান প্রথম পত্র	1876	১০০ (তত্ত্বীয়-৭৫, ব্যবহারিক-২৫)
গার্হস্থ্যবিজ্ঞান প্রথম পত্র	1877	১০০ (তত্ত্বীয়-৪০, বহুনির্বাচনী-৩৫, ব্যবহারিক-২৫)
ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা প্রথম পত্র	1885	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
হিসাববিজ্ঞান প্রথম পত্র	1886	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
ফাইন্যান্স ও ব্যাংকিং বীমা প্রথম পত্র	1887	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র	1888	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
কৃষি শিক্ষা প্রথম পত্র	1889	১০০ (তত্ত্বীয়-৪০, বহুনির্বাচনী-৩৫, ব্যবহারিক-২৫)

খ) মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা শাখা (দ্বিতীয় বর্ষ/দ্বিতীয় পত্র)

বিষয়ের নাম (বাংলায়)	কোর্স কোড	পূর্ণ নম্বর
বাংলা দ্বিতীয় পত্র	2851	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
ইংরেজি দ্বিতীয় পত্র	2852	১০০ (তত্ত্বীয়-১০০)
উচ্চতর বাংলা দ্বিতীয় পত্র	2854	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
ইতিহাস দ্বিতীয় পত্র	2855	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয় পত্র	2856	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
পৌরনীতি ও সুশাসন দ্বিতীয় পত্র	2857	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
অর্থনীতি দ্বিতীয় পত্র	2858	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র	2859	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
যুক্তিবিদ্যা দ্বিতীয় পত্র	2860	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র	2861	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
সমাজকর্ম দ্বিতীয় পত্র	2862	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
পদার্থবিদ্যা দ্বিতীয় পত্র	2871	১০০ (তত্ত্বীয়-৪০, বহুনির্বাচনী-৩৫, ব্যবহারিক-২৫)
রসায়ন দ্বিতীয় পত্র	2872	১০০ (তত্ত্বীয়-৪০, বহুনির্বাচনী-৩৫, ব্যবহারিক-২৫)
জীববিজ্ঞান দ্বিতীয় পত্র	2873	১০০ (তত্ত্বীয়-৪০, বহুনির্বাচনী-৩৫, ব্যবহারিক-২৫)
উচ্চতর গণিত দ্বিতীয় পত্র	2874	১০০ (তত্ত্বীয়-৭৫, ব্যবহারিক-২৫)
ভূগোল দ্বিতীয় পত্র	2875	১০০ (তত্ত্বীয়-৪০, বহুনির্বাচনী-৩৫, ব্যবহারিক-২৫)
পরিসংখ্যান দ্বিতীয় পত্র	2876	১০০ (তত্ত্বীয়-৭৫, ব্যবহারিক-২৫)
গার্হস্থ্যবিজ্ঞান দ্বিতীয় পত্র	2877	১০০ (তত্ত্বীয়-৪০, বহুনির্বাচনী-৩৫, ব্যবহারিক-২৫)
ব্যবসায় সংগঠন ও	2885	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)

ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র		
হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র	2886	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
ফাইন্যান্স ও ব্যাংকিং বীমা দ্বিতীয় পত্র	2887	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন দ্বিতীয় পত্র	2888	১০০ (তত্ত্বীয়-৬০, বহুনির্বাচনী-৪০)
কৃষি শিক্ষা দ্বিতীয় পত্র	2889	১০০ (তত্ত্বীয়-৪০, বহুনির্বাচনী-৩৫, ব্যবহারিক-২৫)

মানবিক, ব্যবসায় শিক্ষা এবং বিজ্ঞান শাখার শিক্ষার্থীরা তাদের স্ব স্ব শাখার বিষয় গুচ্ছ হতে আবিশ্যক, নৈর্বাচনিক এবং ঐচ্ছিক বিষয়সমূহ নির্বাচন করবেন।

গ) মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা শাখার গুচ্ছসমূহ

কোনো শিক্ষার্থীকে এইচএসসি প্রোগ্রামে ভর্তি হতে হলে নিম্নোক্ত গুচ্ছ অনুসরণ করতে হবে।

শাখা	বিষয়
সকল শাখা	আবশ্যিক: ১। বাংলা ২। ইংরেজি এবং ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
মানবিক	নৈর্বাচনিক: ১। ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ ইসলাম শিক্ষা ২। সমাজবিজ্ঞান/সমাজকর্ম/যুক্তিবিদ্যা ৩। পৌরনীতি ও সুশাসন ৪। অর্থনীতি ঐচ্ছিক: ৫। ভূগোল/গার্হস্থ্য বিজ্ঞান/উচ্চতর বাংলা/কৃষিশিক্ষা
বিজ্ঞান	নৈর্বাচনিক: ১। পদার্থবিদ্যা ২। রসায়ন ৩। জীববিজ্ঞান/উচ্চতর গণিত ঐচ্ছিক: ৪। জীববিজ্ঞান/উচ্চতর গণিত/ভূগোল/গার্হস্থ্য বিজ্ঞান/ কৃষিশিক্ষা
ব্যবসায় শিক্ষা	নৈর্বাচনিক: ১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ২। হিসাববিজ্ঞান ৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপনন/ ফাইন্যান্স ও ব্যাংকিং বীমা ঐচ্ছিক: ৪। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপনন/ ফাইন্যান্স ও ব্যাংকিং বীমা /ভূগোল/গার্হস্থ্য বিজ্ঞান/কৃষিশিক্ষা

***কৃষি শিক্ষা ২০১৮ ব্যাচ থেকে কার্যকর হবে।**

একজন শিক্ষার্থী প্রথম বর্ষে তিনটি আবশ্যিক বিষয় এবং নৈর্বাচনিক বিষয় হিসেবে তিনটি ও ঐচ্ছিক বিষয় (যদি কেউ নেন) হিসেবে একটিসহ মোট সাতটি বিষয়ে পাঠ গ্রহণ শেষে পরীক্ষা দিতে পারবেন। প্রথম বর্ষে যে সব বিষয় গ্রহণ করবেন দ্বিতীয় বর্ষে ঐসব বিষয়ের (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যতীত) দ্বিতীয় পত্র নিতে হবে।

বিঃ দ্রঃ একবার বিষয় নির্বাচন করে রেজিস্ট্রেশন ফরম দাখিল করলে তা আর পরিবর্তন করা যাবে না। কোনো শিক্ষার্থী এগারটি কোর্সে কৃতকার্য হলেই (ঐচ্ছিক বিষয়ে অকৃতকার্য হলে চূড়ান্ত ফলাফলে সমস্যা হবে না) এইচএসসি সার্টিফিকেট পাবেন। একজন শিক্ষার্থী নিজ সময় ও মেধা অনুসারে দুই বছর থেকে সর্বোচ্চ পাঁচ বছরে এইচএসসি প্রোগ্রামটি সমাপ্ত করে সার্টিফিকেট গ্রহণ করতে পারবেন।

পাঠসামগ্রী ও সহায়ক ব্যবস্থা

১. পাঠসামগ্রী কতটুকু সহায়ক?

প্রতিটি বিষয়ের জন্য পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে। এগুলো সুপরিকল্পিত ও সুনির্দিষ্ট। ভাষা সহজ ও সাবলীল। বিষয়বস্তু বর্ণনার সাথে করণীয় কাজের প্রয়োজনীয় নির্দেশাবলী আছে। পাঠ্যপুস্তকগুলো এমনভাবে রচিত যা বিষয়বস্তু উপস্থাপন ছাড়াও শিক্ষকের ভূমিকা পালন করে। পাঠসামগ্রী কেবল পুস্তকাকারে নয়, ই-বুক হিসেবে (পিডিএফ ফরমেটে) বাউবি'র ওয়েবসাইটেও আপলোড করা আছে। শিক্ষার্থীরা নিজ বিষয়ের ই-বুক ডাউনলোড করেও পড়াশোনা করতে পারেন।

২. বেতার ও টিভি অনুষ্ঠান: শিক্ষার্থীকে দূরশিক্ষণ পাঠে সহায়তার জন্য বেতার ও টিভি এই দু'টি গণমাধ্যমে নির্ধারিত সময়ে অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা রয়েছে। ওপেন স্কুলের প্রোগ্রামসমূহের বেতার ও টিভি অনুষ্ঠানের প্রচারসূচি নিম্নরূপ:-

- বাংলাদেশ বেতার অনুষ্ঠান: প্রতি সোমবার এবং মাসের তৃতীয় শুক্রবার সন্ধ্যা ৭:০৫ মিনিট।
- বিটিভি অনুষ্ঠান: প্রতি শনিবার সকাল ৭:১৫ (কখনো ৮:৪০ মিনিটে)

বিঃ দ্রঃ অনুষ্ঠান সূচি পরিবর্তনের যে কোনো তথ্য প্রচার মাধ্যমে জানানো হবে। বাউবি ওয়েবসাইট (www.bou.edu.bd)-এ ১১টি কোর্সের পাঠ্যবই ই-বুক হিসেবে সন্নিবেশিত করা হয়েছে। এছাড়াও, BOU Tube (www.boutube.edu.bd) এবং ইউটিউবে অডিও-ভিডিও লেকচার আপলোড করা হয়েছে। বাউবির ওয়েবটিভি ও ওয়েব-রেডিও-তে নিয়মিত অনুষ্ঠান প্রচার করা হয় (www.webtv.bou.org.bd; www.webradio.org.bd)। শিক্ষার্থীরা এসব সুবিধা গ্রহণ করলে সুফল পাবেন।

টিউটোরিয়াল সার্ভিস

১। টিউটোরিয়াল ক্লাসের সংখ্যা

বাউবি'র ওপেন স্কুল কর্তৃক প্রেরিত নির্দেশনা মোতাবেক স্টাডি সেন্টারগুলো টিউটোরিয়াল ক্লাস পরিচালনা করবে। সাধারণত ভর্তি সম্পন্ন হলে কমপক্ষে ৩২ সপ্তাহের মধ্যে ২০টি টিউটোরিয়াল ক্লাস (ব্যবহারিক থাকলে ৩০টি) অনুষ্ঠিত হয়ে থাকে। ক্লাসগুলো সাধারণত শুক্রবারে অনুষ্ঠিত হয়। **ক্লাস শুরুর সময়সূচি সংশ্লিষ্ট স্টাডি সেন্টার থেকে জেনে নিতে হবে।**

২। প্রথম টিউটোরিয়াল ক্লাসে করণীয়

সবচেয়ে কার্যকর শিক্ষার উদ্দেশ্যে একটি আন্তরিক ও পারিবারিক পরিবেশ সৃষ্টির জন্য আপনি নিম্নলিখিত কাজগুলো করবেন:

- টিউটরের (সংশ্লিষ্ট শিক্ষক) সঙ্গে পরিচিত হবেন।
- নিজের পরিচয় দিবেন ও অন্যান্য শিক্ষার্থীর সঙ্গে পরিচিত হবেন।
- কিভাবে শিক্ষাগ্রহণ করবেন তা নিয়ে টিউটরের সঙ্গে পরামর্শ করবেন।
- টিউটরের পরামর্শ ও নির্দেশনা মেনে চলবেন।

- একাডেমিক ও প্রশাসনিক সমস্যা থাকলে তার জন্য টিউটরের নিকট থেকে নির্দেশনা জেনে নেবেন।
- পরবর্তী ক্লাসে কোন্ বিষয়ে আলোচনা হবে তা টিউটরের সাথে আলোচনা সাপেক্ষে স্থির করবেন।
- পাঠসামগ্রী সম্পর্কে প্রাথমিক ধারণা টিউটরদের নিকট থেকে লাভ করবেন।
- কোনো বাড়ির কাজ থাকবে কিনা তা জেনে নেবেন।

৩। শেষ টিউটোরিয়াল ক্লাসে করণীয়

- পরীক্ষার স্থান ও সময় সম্পর্কে জেনে নেবেন।
- পরীক্ষার খাতায় লেখার পদ্ধতি ভালোভাবে জেনে নেবেন।
- পরীক্ষার নিয়মাবলী জেনে নেবেন।
- সর্বশেষ প্রদত্ত বাড়ির কাজ (যদি থাকে) টিউটরের নিকট জমা দেবেন ও প্রয়োজনীয় নির্দেশনা জেনে নেবেন।

পূর্বপাঠের গুরুত্বপূর্ণ অংশের উপর আলোচনা করে অপেক্ষাকৃত কঠিন অংশের সমাধান চেয়ে নেবেন।

৪। অন্যান্য টিউটোরিয়াল ক্লাসে করণীয়

- প্রদত্ত পাঠ থেকে প্রশ্ন করুন ও উত্তর জেনে নিন।
- বাড়ির কাজ (যদি থাকে) জমা দিন ও আগামী দিনের জন্য বাড়ির কাজ নিন।
- নির্দিষ্ট পাঠ থেকে আপনার সমস্যা টিউটরদের অবহিত করুন ও সমাধান নিন।
- সমস্যা নিয়ে সহপাঠী শিক্ষার্থীদের ভেতরে আলোচনা করুন ও সমাধানের উপায় বের করুন।

লক্ষ করুন

টিউটোরিয়াল সার্ভিস দেওয়া হয় আপনার পাঠের কঠিন অংশগুলোর সমাধান দেওয়ার জন্য। এজন্য ক্লাসের পূর্বেই পাঠসমূহ ভালোভাবে পড়ে নিন ও কঠিন অংশ চিহ্নিত করুন। কঠিন অংশটুকুর সমাধানের জন্য টিউটরের সাহায্য গ্রহণ করুন। তবে আপনি যখন ইচ্ছা তখন টিউটোরিয়াল সার্ভিস পাবেন না। নির্ধারিত কেন্দ্রে নির্দিষ্ট দিনে ও নির্দিষ্ট সময়েই শুধু টিউটোরিয়াল সার্ভিস পাবেন। সরাসরি ওপেন স্কুল থেকে কোনো টিউটোরিয়াল সার্ভিসের ব্যবস্থা নেই। টিউটোরিয়াল ক্লাস সম্পর্কে যে কোনো যুক্তিসঙ্গত অভিযোগ নিকটস্থ আঞ্চলিক বা উপ-আঞ্চলিক কেন্দ্রে বা সরাসরি ডিন, ওপেন স্কুলকে অবহিত করতে পারেন।

কেন্দ্রীয় পরামর্শ ও নির্দেশনা

কোন্ বিষয়ে কোথায় পরামর্শ ও নির্দেশনা পাবেন?

দূরশিক্ষণ পদ্ধতিতে শিক্ষার্থীগণ নিজ নিজ কর্মক্ষেত্রে নিয়োজিত থেকে সুবিধাজনক সময়ে পড়াশুনা করেন। এজন্য পাঠ ও কোর্স সংক্রান্ত পরামর্শ দরকার পড়ে। ভর্তি, পরীক্ষা, টিউটোরিয়াল কেন্দ্র ইত্যাদি প্রশাসনিক বিষয়ে পরামর্শ প্রদানের জন্য বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট সাপোর্ট সার্ভিস বিভাগ রয়েছে। এই বিভাগের আওতাধীন আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্রগুলো এ বিষয়ে যাবতীয় পরামর্শ/সহযোগিতা প্রদান করে

থাকে। শিক্ষার্থীর প্রশ্ন/মন্তব্য এর উত্তর সরাসরি ডাকযোগে অথবা বেতার ও টিভির মাধ্যমে জানানো যেতে পারে। পাঠ্যবিষয়ক যে কোনো প্রশ্ন, অস্পষ্টতা ইত্যাদি বিষয়ের জন্য অনুষদে চিঠি লিখে পরামর্শ নেওয়া যায়। **চিঠি লেখার ঠিকানা:**

যে বিষয়ে চিঠি লিখবেন	যার কাছে লিখবেন
একাডেমিক বিষয়	**ডিন,** ওপেন স্কুল বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গাজীপুর- ১৭০৫। ফোন: ০২-৯২৯১১০৯ ফ্যাক্স: ৯২৯১১০১-৪, পিএবিএক্স-৩১২/৫৫৩
সংশ্লিষ্ট পাঠ্যপুস্তক/ কোর্স সংক্রান্ত	**কোর্স কো-অর্ডিনেটর** বিষয়: ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গাজীপুর -১৭০৫। ফ্যাক্স: ৯২৯১১০১-৪, পিএবিএক্স-৩১২/৫৫৩
প্রশাসনিক বিষয়, ভর্তি, রেজিস্ট্রেশন, স্টাডি সেন্টার সার্ভিস ইত্যাদি সংক্রান্ত	**পরিচালক** স্টুডেন্ট সাপোর্ট সার্ভিস বিভাগ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গাজীপুর-১৭০৫। ফোন - ৯২৯১১১৩
পরীক্ষা, পরীক্ষার তারিখ, ফলাফল ইত্যাদি সংক্রান্ত	**পরীক্ষা নিয়ন্ত্রক** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গাজীপুর-১৭০৫। ফোন নং- ৯২৯১১০৫
বেতার ও টিভি অনুষ্ঠান বিষয় সংক্রান্ত	**পরিচালক**, মিডিয়া বিভাগ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গাজীপুর-১৭০৫। ফোন নং- ৯২৯১১২৮
অন্যান্য যে কোনো বিষয়ে	**উপ-পরিচালক** ছাত্র নির্দেশনা ও পরামর্শ দান দপ্তর বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গাজীপুর-১৭০৫। ফোন- ৯২৯১১০১-৪ এক্স ২৫৯

এছাড়া স্টাডি সেন্টারে স্থানীয়ভাবে টিউটরগণ পরামর্শ ও নির্দেশনা দিয়ে থাকেন।

সতর্কতা: যে বিষয়ে যোগাযোগের প্রয়োজন, সে বিষয়ের সাথে সংশ্লিষ্ট বিভাগ বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথেই যোগাযোগ করা বাঞ্ছনীয়।

পরীক্ষা ও ফলাফলের নিয়মাবলী

১) পরীক্ষা কখন অনুষ্ঠিত হবে?

ভর্তি সম্পন্ন হলে টিউটোরিয়াল ক্লাস শুরু হবে। অতঃপর টিউটোরিয়াল ক্লাস শেষ হলে পরীক্ষা গ্রহণ করা হবে। প্রতি বর্ষে ভর্তি থেকে পরীক্ষা পর্যন্ত সাধারণত এক বছর সময় ব্যয় হয়।

২) পরীক্ষার সময়সীমা

প্রতিটি কোর্সের পরীক্ষা একটানা তিন ঘণ্টাব্যাপী অনুষ্ঠিত হবে।

৩) পরীক্ষা কেন্দ্র ও শৃঙ্খলাবিধি

ক) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত পরীক্ষা কেন্দ্রসমূহে পরীক্ষা অনুষ্ঠিত হবে। যে স্টাডি সেন্টারে ভর্তি হবেন সেই সেন্টারটি আপনার পরীক্ষাকেন্দ্র নাও হতে পারে। নির্ধারিত পরীক্ষা কেন্দ্রসমূহের ঘোষণা পরীক্ষা শুরুর একমাস পূর্বে জানিয়ে দেওয়া হবে।

খ) কোনো শিক্ষার্থী এই বিশ্ববিদ্যালয়ের কোনো শিক্ষক/কর্মকর্তা, কোনো টিউটর, সমন্বয়কারী ও কলেজের অন্যান্য ব্যক্তির সাথে অসদাচরণ করলে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। কোনো শিক্ষার্থী পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে শৃঙ্খলাবিধি অনুযায়ী তাকে বহিষ্কার করা হবে।

৪) পরীক্ষা পাশের নিয়মাবলী

ক) পরীক্ষার ফলাফল গ্রেড পদ্ধতিতে প্রকাশ করা হবে। এক্ষেত্রে কোনো বিভাগ, লেটার মার্ক, স্টার মার্ক উল্লেখ থাকবে না এবং মেধা তালিকা প্রণয়ন বা প্রকাশ করা হবে না। শুধু প্রতি কোর্সে প্রাপ্ত লেটার গ্রেড এবং সকল কোর্সে প্রাপ্ত Grade Point (GP) এর ভিত্তিতে পরীক্ষার্থীর Grade Point Avarage (GPA) উল্লেখ থাকবে।

খ) পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে লেটার গ্রেডে রূপান্তরের পদ্ধতি নিম্নরূপ:

লেটার গ্রেড	প্রাপ্ত নম্বর	গ্রেড পয়েন্ট
A^+	৮০ - ১০০	৫.০
A	৭০ - ৭৯	৪.০
A^-	৬০ - ৬৯	৩.৫
B	৫০ - ৫৯	৩.০
C	৪০ - ৪৯	২.০
D	৩৩ - ৩৯	১.০
F	০ - ৩২	০.০

গ) গ্রেড পদ্ধতিতে ফলাফল গ্রেড পয়েন্ট এভারেজ বা GPA হিসেবে প্রকাশিত হবে। প্রত্যেক বিষয়ে প্রাপ্ত গ্রেডকে পয়েন্টে (সর্বোচ্চ পাঁচ এবং সর্বনিম্ন 'শূন্য') রূপান্তরিত করে তার গড় নির্ণয় করা হবে। এটিই হবে গ্রেড পয়েন্ট এভারেজ, যাকে কোনো লেটার গ্রেড (A^+, A, A^-, B, C, D ও F) এর সাথে সম্পর্কযুক্ত করা হবে না। তবে একাডেমিক ট্রান্সক্রিপ্টে পরীক্ষার্থীর প্রত্যেক কোর্সের ফলাফল লেটার গ্রেড আকারে (অর্থাৎ A^+, A, A^-, B, C, D ও F) উল্লেখ থাকবে।

ঘ) কোনো কোর্সের পরীক্ষা পাশের জন্য সংশ্লিষ্ট কোর্সে কমপক্ষে 'D' গ্রেড পেতে হবে অর্থাৎ তার GPA কমপক্ষে ১.০ (এক) হতে হবে।

ঙ) একাধিক অংশ সম্বলিত কোর্সসমূহের (যেমন রচনামূলক, বহুনির্বাচনী এবং ব্যবহারিক) প্রত্যেক অংশে আলাদা আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। উত্তীর্ণ সকল অংশে প্রাপ্ত নম্বরের যোগফলের উপর ভিত্তি করে ঐ কোর্সের গ্রেড নির্ধারণ করা হবে। মোট নম্বর এবং পাশ নম্বরের আনুপাতিক হার নিম্নরূপ:

তত্ত্বীয়		বহুনির্বাচনী বা ব্যবহারিক	
মোট নম্বর	**পাশ নম্বর**	**মোট নম্বর**	**পাশ নম্বর**
১০০	৩৩	৫০	১৭
৭৫	২৫	৪০	১৪
৭০	২৪	৩৫	১২
৬০	২০	৩০	১০
৫০	১৭	২৫	৯
৪০	১৩	--	--

চ) নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট-এ প্রত্যেক বিষয়ে প্রাপ্ত গ্রেড, GP ও GPA এবং প্রতি গ্রেডের জন্য নির্ধারিত ব্যাপ্তি উল্লেখ থাকবে।

ছ) পরীক্ষার ফল প্রকাশের ক্ষেত্রে উত্তীর্ণ পরীক্ষার্থীর ID নম্বরের পাশে GPA এবং অনুত্তীর্ণ পরীক্ষার্থীর ID নম্বরের পাশে বন্ধনীতে 'F' লেখা থাকবে।

জ) এইচএসসি প্রোগ্রামে ভর্তি হওয়ার পর কোনো শিক্ষার্থী পাঁচ বছরের মধ্যে প্রোগ্রামটি সম্পন্ন করতে না পারলে অর্থাৎ পাঁচ বছরের মধ্যে কোনো একটি বিষয়ে 'F' গ্রেড পেয়ে থাকলে এই বিশ্ববিদ্যালয়ে তার ভর্তি বাতিল বলে গণ্য করা হবে। তবে শিক্ষার্থী ইচ্ছা করলে পুনরায় নতুনভাবে এ প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

পরীক্ষায় পুনরায় অংশগ্রহণ

আপনি নিয়মিত বছরে কোনো কোর্সের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা কোনো কোর্সের পরীক্ষায় অংশ নিয়ে 'F' গ্রেড প্রাপ্ত হলে, ঐ কোর্সে আপনার রেজিস্ট্রেশনের মেয়াদকালে (পাঁচ বছর) পুনরায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। পুনরায়/অনিয়মিত পরীক্ষা দেবেন এমন প্রতিটি কোর্সের জন্য নির্ধারিত ফি (১৫০/-টাকা) নির্ধারিত ব্যাংকে জমা দিয়ে টাকা জমাদানের রসিদসহ সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে বাউবি'র পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করতে হবে। আপনার স্টাডি সেন্টারে শিক্ষার্থীদের জন্য নির্ধারিত পরীক্ষা কেন্দ্রে বাউবি'র নিয়মিত পরীক্ষার্থীদের সাথেই পুনঃপরীক্ষা গ্রহণের ব্যবস্থা নেওয়া হবে। এক্ষেত্রে শিক্ষার্থী তার ইচ্ছা অনুযায়ী এক বা একাধিক কোর্সে পুনরায় পরীক্ষা দিতে পারবেন।

ক) উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় একজন শিক্ষার্থী কোনো কোর্সে একবার পাশ করলে, সে কোর্সে তাকে পুনরায় পরীক্ষা দিতে হবে

না। যতদিন তিনি উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী থাকবেন ততদিন তাঁর নম্বর সংরক্ষণ করা হবে। (ভর্তি হওয়ার পর একজন ব্যক্তি সর্বোচ্চ পাঁচ বছর পর্যন্ত শিক্ষার্থী হিসেবে বিবেচিত হবেন)।

খ) এইচএসসি প্রোগ্রামে কোনো শিক্ষার্থীকে ফেল বা অকৃতকার্য ঘোষণা করা হবে না, কেবল সফল শিক্ষার্থীদের ফল ও নম্বর প্রকাশ করা হবে।

গ) এইচএসসি প্রোগ্রামে ভর্তি হওয়ার পর কোনো শিক্ষার্থী পাঁচ বছরে কৃতকার্য হতে না পারলে এই বিশ্ববিদ্যালয়ে তার ভর্তি বাতিল বলে গণ্য করা হবে।

৭) পরীক্ষায় উত্তরদানের মাধ্যম

বাংলা ১ম ও ২য় পত্র বাংলাতে, ইংরেজি ১ম ও ২য় পত্র ইংরেজিতে এবং অন্যান্য বিষয়ের পরীক্ষার উত্তর বাংলা বা ইংরেজি যে কোনো একটি ভাষায় প্রদান করা যাবে। তবে একই বিষয়ের পরীক্ষার উত্তরপত্রে বাংলা ও ইংরেজি ভাষার মিশ্রণ করা চলবে না। বিষয়ভিত্তিক টেকনিক্যাল শব্দগুলো ইংরেজিতে লেখা যাবে।

সার্টিফিকেট প্রদান

কিভাবে আপনি এইচএসসি সার্টিফিকেট অর্জন করবেন?

প্রোগ্রামের সবগুলো কোর্সে উত্তীর্ণ হওয়ার পর আপনি সার্টিফিকেট পাওয়ার যোগ্যতা অর্জন করবেন। সার্টিফিকেট নিতে হলে শিক্ষার্থীকে বাউবি'র আঞ্চলিক কিংবা উপ-আঞ্চলিক কেন্দ্রে মূল আইডি কার্ড প্রদর্শন করে গ্রহণ করতে হবে। এর জন্য নতুন কোনো ফি প্রদান করতে হবে না। এ ক্ষেত্রে পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে আসার প্রয়োজন নেই।

লাইব্রেরি সেবা

একথা অনস্বীকার্য যে জ্ঞান অর্জনের জন্য বই এবং লাইব্রেরি সেবার স্থান অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিক্ষার্থীদের প্রয়োজনীয় পাঠ্যপুস্তক উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সরাসরি স্টাডি সেন্টারের মাধ্যমে সরবরাহ করবে। এ ছাড়া প্রত্যেকটি আঞ্চলিক এবং উপ-আঞ্চলিক কেন্দ্রে পর্যায়ক্রমে লাইব্রেরি গড়ে তোলা হচ্ছে। এসব লাইব্রেরিতে টিউটর এবং শিক্ষার্থীগণ লেখাপড়া করতে পারবেন। তাছাড়া বাউবি স্টাডি সেন্টারের লাইব্রেরিকে ব্যবহারোপযোগী করার প্রয়াস চালাবে। শিক্ষার্থীরাও নিজেদের উদ্যোগে নিজ নিজ গৃহে পারিবারিক লাইব্রেরি গড়ে তুলতে পারেন। এছাড়া শিক্ষার্থীরা নিজেরা দলগত বা গ্রুপ স্টাডির জন্য 'ফ্রাই ডে ক্লাব', 'স্টাডি সার্কেল গ্রুপ' গড়ে তুলতে পারেন। এতে পাঠ বুঝতে ও আয়ত্ত করতে সহজ হয়।

আঞ্চলিক কেন্দ্র ও চলমান উপ-আঞ্চলিক কেন্দ্রের তালিকা

<table>
<tr><td colspan="2">আঞ্চলিক কেন্দ্র, ঢাকা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
৪/ক গভর্ণমেন্ট ল্যাবরেটরী স্কুল রোড, ধানমন্ডি
ঢাকা-১২০৫। ফোন: ৯৬৭৩৬৬৯, ৮৬১৯৬২০</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, ধামরাই
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
বাড়িঃ ১৩২/৩, ব্লক: এ, দক্ষিণপাড়া,
থানা রোড, ধামরাই, ঢাকা-১৩৫০।
ফোন: ০২-৭৭৩১০৪৬</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, নরসিংদী
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
রিয়াজ ভিলা, ৩৫৮/৪ পশ্চিম ব্রাহ্মন্দী,
নরসিংদী।
ফোন: ৯৪৫১৫১৯</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, গাজীপুর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
১১৭/সি, রজনী গন্ধা, মাধববাড়ী মোড়,
দক্ষিণ ছায়াবীথি, গাজীপুর-১৭০০।
ফোন: ৯২৬১৩১১</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, শ্রীনগর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
উপজেলা আদালত ভবন
শ্রীনগর, মুন্সিগঞ্জ।
ফোন: ০২-৭৬২৭২৪৬</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, মানিকগঞ্জ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
নওখঙ্গা, পুলিশ লাইন
মানিকগঞ্জ।
ফোন: ৭৭১০৭৬২</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, নারায়নগঞ্জ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
৬১২/২ পূর্ব চাঁনমারী,
৭০ উত্তর চাষাঢ়া, নারায়নগঞ্জ।
ফোন: ০২-৭৬৩৫১৭৭</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, মুন্সিগঞ্জ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
হাসপাতাল রোড, মানিকপুর, মুন্সিগঞ্জ।
ফোনঃ ০২-৭৬২০৩৯০</td><td></td></tr>
<tr><td colspan="2">আঞ্চলিক কেন্দ্র, ময়মনসিংহ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
মাসকান্দা, ময়মনসিংহ।
ফোন : ০৯১-৬৫২৯৮
ফ্যাক্স : ০৯১-৬২৩৮১</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, টাঙ্গাইল
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাড়াইল, দেলদুয়ার রোড
টাঙ্গাইল।
ফোন : ০৯২১-৬১০১১</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, নেত্রকোণা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
নাগড়া মীরবাড়ী, বি.এ.ডি.সি অফিসের
পিছনে, নেত্রকোণা।
ফোন : ০৯৫১-৬২৩৮১</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, শেরপুর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
দক্ষিণ নবীনগর,বয়রা পরাণপুর,
শেরপুর। ফোন : ০৯৩১-৬২৪৭৬</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, কিশোরগঞ্জ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
নগুয়া শেষ মোড়, কিশোরগঞ্জ।
ফোন : ০৯৪১-৬১৬৮৭</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, জামালপুর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
লাঙ্গলজোড়া, বিলপাড়া
জামালপুর।</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, মধুপুর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
শিরিন মহল, ফজলুল হক রোড,
আদালতপাড়া, মধুপুর, টাঙ্গাইল।</td></tr>
</table>

<table>
<tr><td>ফোন : ০৯৮১-৬৩৯১৭</td><td>ফোন : ০৯২২৮-৫৬২২২</td></tr>
<tr><td colspan="2">আঞ্চলিক কেন্দ্র, কুমিল্লা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
ঢাকা-চট্টগ্রাম ট্রাংক রোড, নোয়াপাড়া, দূর্গাপুর
আদর্শ সদর, কুমিল্লা-৩৫০০।
ফোন: ০৮১-৭৭৫৫৭</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়া
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
দক্ষিন সুহিলপুর (২নং গ্যাস ফিল্ড সংলগ্ন)
ডাকঘর: ঘাটুরা, ব্রাহ্মণবাড়িয়া-৩৪০০।
ফোন : ০৮৫১-৬৩২৪৪</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, লক্ষ্মীপুর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
টি.এন্ড.টি রোড, বাগবাড়ি
লক্ষ্মীপুর-৩৭০০।
ফোন : ০৩৮১-৬২৭৮৫</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, চাঁদপুর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
চাঁদপুর ০৫৮-০২, আল্লাহর দান
স্বর্ণখোলা রোড (নতুন বাসস্ট্যান্ড),
চাঁদপুর-৩৬০০।
ফোন : ০৮৪১-৬৬৯৯৯</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, নোয়াখালী
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
মেইন রোড, মাইজদী বাজার
নোয়াখালী-৩৮০০।
ফোন : ০৩২১-৬২৯০০</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, ফেনী
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
খাজুরিয়া, ফেনী-৩৯০০।
ফোন : ০৩৩১-৬৩১০০</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, দাউদকান্দি
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
দাউদকান্দি উপজেলা পরিষদ
দাউদকান্দি, কুমিল্লা- ৩৫১৬।</td></tr>
<tr><td colspan="2">আঞ্চলিক কেন্দ্র, চট্টগ্রাম
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
সিআরবি রোড, চট্টগ্রাম।
ফোন: ০৩১-৬১৯৬৩৩, ০৩১-৬৩৬৭১৮</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজার
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
৩য় তলা, জেলা পরিষদ কমপ্লেক্স
নিউ সার্কিট হাউস রোড
কক্সবাজার।
ফোন : ০৩৪১-৬৩৫০৭</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, খাগড়াছড়ি
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গোলাবাড়ী রোড
(সরকারি মহিলা কলেজের সামনে)
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ফোন : ০৩৭১-৬২০২৯</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, রাঙামাটি
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
রাঙ্গাপানি রোড
ভেদভেদি, রাঙামাটি পার্বত্য জেলা।
ফোন : ০৩৫১-৬২৪০৫</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, বান্দরবান
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কালাঘাটা, রোয়াংছড়ি রোড
বান্দরবান পার্বত্য জেলা।
ফোন : ০৩৬১-৬২৬৯৭</td></tr>
<tr><td colspan="2">আঞ্চলিক কেন্দ্র, সিলেট
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
পিরিজপুর, দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন : ০৮২১-৭১৯৫২৩</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, মৌলভীবাজার
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
ভিটিআই রোড, মৌলভীবাজার।</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, সুনামগঞ্জ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
ওয়েজ খালী, সুনামগঞ্জ।</td></tr>
</table>

<table>
<tr><td>ফোন : ০৮৬১-৬২০০৪</td><td>ফোন : ০৮৭১-৬১৩৬৫</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, হবিগঞ্জ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
রাজনগর, আ/এ, (হবিগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়ের সন্নিকটে) হবিগঞ্জ।
ফোন : ০৮৩১-৬২২৪৮</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, ছাতক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
ছাতক উপজেলা পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।
ফোন : ০৮৭২-৩৫৬২৩৬</td></tr>
<tr><td colspan="2">আঞ্চলিক কেন্দ্র, বরিশাল
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
হাউজিং এস্টেট, রূপাতলী, বরিশাল।
ফোন : ০৪৩১-৭১৪৮২</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, ভোলা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
খেয়াঘাট রোড, চরনোয়াবাদ, ভোলা।
ফোন : ০৪৯১-৬১২৩০</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, পিরোজপুর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
বাইপাস রোড, পিরোজপুর।
ফোন : ০৪৬১-৬৩১৫৫</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, বরগুনা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কালীবাড়ী রোড, বরগুনা।
ফোন : ০৪৪৮-৬২১১২</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, পটুয়াখালী
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
তিতাস সিনেমা হল রোড, পটুয়াখালী।
ফোন : ০৪৪১-৬৪১২০</td></tr>
<tr><td colspan="2">আঞ্চলিক কেন্দ্র, রংপুর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কেন্দ্রীয় বাসটার্মিনাল সংলগ্ন
আর.কে রোড, রংপুর-৫৪০০।
ফোন : ০৫২১-৬৩৫৯৩</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, দিনাজপুর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
শেখপাড়া (মাতাসাগর)
দিনাজপুর।
ফোন : ০৫৩১-৬১০৫৬</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, লালমনিরহাট
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কলেজ রোড, ভোকেশনাল মোড়, লালমনিরহাট।
ফোন : ০৫৯১-৬২৫৩৯</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, পঞ্চগড়
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
সিংহপাড়া, পুলিশ লাইন সংলগ্ন, পঞ্চগড়।
ফোন-০৫৬৮-৬১৯০৯</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, নীলফামারী
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কুখাপাড়া (জোড়া দরগাহ)
সৈয়দপুর রোড, নীলফামারী।
ফোন-০৫৫১-৬১৯৭৮</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, সৈয়দপুর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
বাড়ি নং-৯৫, রোড নং-০১
নতুন বাবুপাড়া, পৌরসভা রোড
সৈয়দপুর, নীলফামারী।
ফোন : ০৫৫২-৬২৫০৭</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, কালীগঞ্জ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কলেজ রোড, করিমপুর
কালীগঞ্জ, লালমনিরহাট।
ফোন : ০৫৯২৪-৫৬০০৩</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, ঠাকুরগাঁও
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
সিঙ্গিয়া, ঠাকুরগাঁও।</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, কুড়িগ্রাম
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
সদর হাসপাতাল রোড, কুড়িগ্রাম।</td></tr>
</table>

<table>
<tr><td>ফোন : ০৫৬১-৬১৭৯৫</td><td>ফোন : ০৫৮১-৬১৮২৩</td></tr>
<tr><td colspan="2">আঞ্চলিক কেন্দ্র, বগুড়া
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
বিশ্বরোড, বনানী, বগুড়া।
ফোন : ০৫১-৬২৭৯৪</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, গাইবান্ধা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
পলাশবাড়ী রোড (সড়ক ভবন সংলগ্ন),
গাইবান্ধা।
ফোন : ০৫৪১-৫২৩২৬</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, জয়পুরহাট
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
খঞ্জনপুর (পিটিআই এর সামনে),
জয়পুরহাট।
ফোন : ০৫৭১-৬৩৪৩১</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, সিরাজগঞ্জ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
ফকিরতলা, সিরাজগঞ্জ।
ফোন : ০৭৫১-৬৩১৪৬</td><td></td></tr>
<tr><td colspan="2">আঞ্চলিক কেন্দ্র, রাজশাহী
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
নওহাটা, পবা, রাজশাহী-৬২১৩।
ফোন : ০২৪৭-৮০০০০৮, ফ্যাক্স : ০২৪৭-৮০০০০৯</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, চাঁপাইনবাবগঞ্জ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
রেহাইর চর, (মহানন্দা ব্রিজ টোলঘর
সংলগ্ন) চাঁপাইনবাবগঞ্জ-৬৩০০।
ফোন : ০৭৮১-৬২২৬০</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, নওগাঁ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
ডি/১৮, চকদেব পাড়া
(সরিষাহাটি মোড়), নওগাঁ-৬৫০০।
ফোন : ০৭৪১-৬১৭৪৫</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, পাবনা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
(পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয়ের নিকটে)
রাজাপুর, পাবনা।
ফোন : ০৭৩১-৬৪৭২১</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, নাটোর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
(নাটোর জজ কোর্ট-এর বিপরীতে)
নাটোর-৬৪০০।
ফোন : ০৭৭১-৬৬৪৬৯</td></tr>
<tr><td colspan="2">আঞ্চলিক কেন্দ্র, ফরিদপুর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
হাড়োকান্দি, ফরিদপুর।
ফোন : ০৬৩১-৬২০৮১, ফ্যাক্স : ০৬৩১-৬৩২২৮</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, শরীয়তপুর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
(ফায়ার সার্ভিস অফিস সংলগ্ন),
শরীয়তপুর ।
ফোন: ০৬০১-৬১২২০</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, রাজবাড়ী
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
মনিবুর রহমান হাউজ, বাড়ী নং ১৭৭,
ওয়ার্ড নং ৬, সজ্জনকান্দা, রাজবাড়ী।
ফোন : ০৬৪১-৬৬১৪৩</td></tr>
<tr><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, গোপালগঞ্জ
শেখ ফজিলাতুননেছা সরকারী মহিলা
কলেজ রোড, গোপালগঞ্জ।</td><td>উপ-আঞ্চলিক কেন্দ্র, মাদারীপুর
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কাজী মোস্তফা সড়ক, পাঠককান্দি</td></tr>
</table>

ফোন : ০২৬৬৮-১৩৯৫	আব্দুল্লাহ ভবন, মাদারীপুর। ফোন: ০৬৬১-৬২০৫৪
আঞ্চলিক কেন্দ্র, যশোর বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় উপশহর, যশোর। ফোন : ০৪২১-৬৮৫২৬	
উপ-আঞ্চলিক কেন্দ্র, ঝিনাইদহ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ছোট কামারকুন্ডু, যশোর রোড ডাক-রতনহাট, সদর ঝিনাইদহ-৭৩০০। ফোন : ০৪৫১-৬১১৫৭	**উপ-আঞ্চলিক কেন্দ্র, চুয়াডাঙ্গা** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় মুসলিমপাড়া(বাইপাস সড়ক), চুয়াডাঙ্গা-৭২০০। ফোন : ০৭৬১-৬৩০৫৬
উপ-আঞ্চলিক কেন্দ্র, নড়াইল বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সিটি কলেজের উত্তর পার্শ্বে, মহেশখোলা, নড়াইল-৭৫০০। ফোন : ০৪৮১-৬২৯০৬	**উপ-আঞ্চলিক কেন্দ্র, মেহেরপুর** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হোল্ডিং নং-৭৬৭৮, পোস্ট অফিসপাড়া (মেইন পোস্ট অফিসের পিছনে), মেহেরপুর-৭১০০। ফোন : ০৭৯১-৬২১৪৪
উপ-আঞ্চলিক কেন্দ্র, মাগুরা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় মাগুরা কেন্দ্রীয় বাস টার্মিনালের দক্ষিণ পার্শ্বে, পারনান্দুয়ালী, মাগুরা-৭৬০০। ফোন : ০৪৮৮-৬৩২০৬	**উপ-আঞ্চলিক কেন্দ্রে, কুষ্টিয়া** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কাস্টমস মোড় (স্টেডিয়ামের বিপরীতে), কুষ্টিয়া-৭০০০। ফোন : ০৭১-৬২৪৩৭
আঞ্চলিক কেন্দ্র, খুলনা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় জিরো পয়েন্ট, রৌসনীবাগ, পোঃ খুলনা বিশ্ববিদ্যালয় খুলনা-৯২০৮। ফোন: ০৪১-৭৩১৭৯৫	
উপ-আঞ্চলিক কেন্দ্র, বাগেরহাট বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় নতুন জেলখানা রোড বাগেরহাট- ৯৩০০। ফোন: ০৪৬৮-৬২৪২০	**উপ-আঞ্চলিক কেন্দ্র, সাতক্ষীরা** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় মেহেদীবাগ, বকচর রোড, রসুলপুর, সাতক্ষীরা-৯৪০০। ফোন: ০৪৭১-৬৪৯৪৯